মূল্যস্ফীতি বেড়ে ৫.৫৭%

আগের অর্থবছরের প্রথম মাস জুলাইয়ের সঙ্গে তুলনা করলে চলতি অর্থবছরের প্রথম মাসে সারা দেশে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম বেড়েছে। চলতি অর্থবছরের প্রথম মাস জুলাইয়ে গড় মূল্যস্ফীতির হার বেড়ে দাঁড়িয়েছে ৫.৫৭ শতাংশ, যা আগের অর্থবছরের একই সময়ে ছিল ৫.৪০ শতাংশ। তবে পয়েন্ট টু পয়েন্ট ভিত্তিতে (মাসওয়ারি) জুলাই মাসে দেশের সার্বিক মূল্যস্ফীতির হার জুন মাসের তুলনায় কমে দাঁড়িয়েছে ৫.৫৭ শতাংশে। গত জুন মাসে ছিল ৫.৯৪ শতাংশ। এ সময় খাদ্যপণ্যের মূল্যস্ফীতি কমে হয়েছে ৬.৯৫ শতাংশ, যা তার আগের মাসে ছিল ৭.৫১ শতাংশ। খাদ্যবহির্ভূত পণ্যের মূল্যস্ফীতির হার কমে হয়েছে ৩.৫৩ শতাংশ, যা তার আগের মাসে ছিল ৩.৬৭ শতাংশ। গতকাল বুধবার রাজধানীর শেরেবাংলানগরের এনইসি সম্মেলন কক্ষে একনেক বৈঠক পরবর্তী এক সংবাদ সম্মেলনে মূল্যস্ফীতির হালনাগাদ এসব তথ্য প্রকাশ করেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল।http://www.kalerkantho.com

রপ্তানি আয়ে উচ্চ প্রবৃদ্ধিতে অর্থবছর শুরু

নতুন অর্থবছরের (২০১৭-১৮) প্রথম মাস জুলাইয়ে রপ্তানি লক্ষ্যমাত্রা পূরণ না হলেও উচ্চ প্রবৃদ্ধি দিয়ে শুরু হয়েছে বছর। আগের বছরের প্রথম মাসের চেয়ে এবার রপ্তানিতে আয় বেড়েছে ২৬.৫৪ শতাংশ। আর লক্ষ্যমাত্রার চেয়ে কম হয়েছে শূন্য দশমিক ৯৯ শতাংশ। গতকাল বুধবার রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) হালনাগাদ প্রতিবেদন সূত্রে এসব তথ্য জানা যায়। ইপিবি পরিসংখ্যানে দেখা যায়, চলতি অর্থবছরের প্রথম মাস জুলাইতে ৩২০ কোটি ৭০ লাখ মার্কিন ডলারের পণ্য রপ্তানি করেছে বাংলাদেশ। আর গত বছরের জুলাই মাসে রপ্তানি আয় ছিল ২৫৩ কোটি ৪৩ লাখ ১০ হাজার ডলার, যা চলতি অর্থবছরের তুলনায় ২৬.৫৪ শতাংশ কম। http://www.kalerkantho.com

এডিবির ১৬শ’ কোটি টাকা অনুমোদন

পৌরসভার অবকাঠামো উন্নয়নে ২০ কোটি মার্কিন ডলারের ঋণ অনুমোদন দিয়েছে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি)- যা স্থানীয় মুদ্রায় (প্রতি ডলার ৮০ টাকা ধরে) দাঁড়ায় ১ হাজার ৬০০ কোটি টাকা। বুধবার সংস্থাটির ঢাকা কার্যালয় থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়েছে, ঋণের এ অর্থ পৌরসভাগুলোর অবকাঠামো তৈরির পাশাপাশি সেবার মান বৃদ্ধি এবং সুশাসন প্রতিষ্ঠার কাজে ব্যয় হবে।http://www.jugantor.com

দেশীয় পাদুকা ব্যবসায় মন্দা

দিন দিন কমছে পুরান ঢাকার ঐতিহ্যবাহী রিসাইকেল পাদুকা শিল্পের ব্যবসা। বিদেশ থেকে আমদানি করা রিসাইকেল পাদুকার প্রভাবে সংকটে পড়েছে দেশীয় এ শিল্পটি। এক সময় পুরান ঢাকার চকবাজার, সোয়ারিঘাট, ছোট কাটারা, বড় কাটারা, বেগম বাজার, জেল রোড ঘিরে গড়ে ওঠা শত শত রিসাইকেল পাদুকা তৈরির কারখানা ও দোকানে ছিল জমজমাট ব্যবসা। বর্তমানে এক রকম ঝিমিয়ে পড়েছে পুরান ঢাকার এ শিল্পটি। আগে এ শিল্পকেন্দ্রিক প্রতিদিন লেনদেন হতো ৩০ থেকে ৪০ কোটি টাকা বর্তমানে তা নেমে এসেছে অর্ধেকেরও নিচে। এ খাতের সংশ্লিষ্টরা বলেন, চীন ও ভারত থেকে বিভিন্নভাবে শুল্ক ফাঁকি দিয়ে রিসাইকেল পাদুকার আমদানি করছে অনেকে। এ কারণে স্বল্প মূল্যে এ সব পাদুকা বাজারে ছাড়ছে তারা। যার ফলে মার খাচ্ছে আমাদের দেশীয় শিল্প।

জানা যায় ৪০ শতাংশ পাদুকা আসে চীন থেকে। এসব সস্তা জুতার ভিড়ে মার খেয়ে যাচ্ছে দেশীয় জুতা।http://www.jugantor.com

বিমানের ক্ষতি ৪০ কোটি টাকা

বারের হজযাত্রা নিয়ে জটিলতা প্রকট আকার ধারণ করেছে। যাত্রী না পাওয়ায় একের পর এক ফ্লাইট বাতিল হচ্ছে রাষ্ট্রায়ত্ত উড়োজাহাজ সংস্থা বিমান বাংলাদেশ এয়ারলাইনসের। গতকাল পর্যন্ত হজ ফ্লাইট বাতিল হয়েছে ১৯টি। এতে ৪০ কোটি টাকা আয়বঞ্চিত হয়েছে বিমান।ভিসা জটিলতায় বিমানের ফ্লাইট বাতিলের পাশাপাশি বিলম্বিতও হচ্ছে। হজ ফ্লাইট কখনো শিডিউলের আগে, কখনো আবার ৫-৮ ঘণ্টা বিলম্বে ছাড়ছে। এসব সংকট কাটিয়ে হজযাত্রীদের সৌদি আরবে পৌঁছে দিতে সবার সহযোগিতা চেয়েছেন বিমানের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা এএম মোসাদ্দিক আহমেদ। গতকাল এক সংবাদ সম্মেলনে এ আহ্বান জানান তিনি। পাশাপাশি হজ ফ্লাইটে বিমানের আর্থিক ক্ষতির বিষয়টিও তুলে ধরেন।http://bonikbarta.net

সুদ ব্যয় কমিয়ে মুনাফা প্রবৃদ্ধিতে রূপালী ব্যাংক

খেলাপি ঋণ ও সঞ্চিতি বাড়লেও সুদ আয় বাড়ার পাশাপাশি আমানতের সুদ ব্যয় কমায় চলতি হিসাব বছরের প্রথমার্ধে মুনাফা প্রবৃদ্ধিতে রয়েছে রাষ্ট্রায়ত্ত রূপালী ব্যাংক লিমিটেড। এ সময়ে ব্যাংকটির মুনাফা আগের বছরের একই সময়ের তুলনায় ১১১ শতাংশ বেড়েছে। এপ্রিল থেকে জুন পর্যন্ত তিন মাসে মুনাফা প্রবৃদ্ধি দাঁড়িয়েছে ২৩৩ শতাংশ।রূপালী ব্যাংকের প্রধান অর্থ কর্মকর্তা (সিএফও) মো. শওকত জাহান খান বণিক বার্তাকে জানান, হিসাব বছরের প্রথমার্ধে আমরা আমানত ও ধারের বিপরীতে সুদ ব্যয় কমিয়ে আনতে সক্ষম হয়েছি। ব্যাংকিং খাতে আমানতের সুদ হ্রাস এর অন্যতম একটি কারণ। ফলে গত বছর এ সময়ে নিট সুদ আয় ঋণাত্মক থাকলেও এবার ১৪৮ কোটি টাকা আয় হয়েছে। অবশ্য খেলাপি ঋণ বেড়ে যাওয়ায় এর বিপরীতে সঞ্চিতির পরিমাণও বেড়েছে। মূলত কস্ট অব ফান্ড নিয়ন্ত্রণের কারণেই এ সময়ে আমরা মুনাফা বাড়াতে সক্ষম হয়েছি।http://bonikbarta.net

লংকাবাংলার রিটেইল পোর্টফোলিও আড়াই হাজার কোটি টাকা ছাড়িয়েছে

প্রথমার্ধে বাংলাদেশে বিতরণ হওয়া অটো লোনের ৪৫ শতাংশই দিয়েছে ব্যাংকবহির্ভূত আর্থিক প্রতিষ্ঠান (এনবিএফআই) লংকাবাংলা ফিন্যান্স লিমিটেড। জানুয়ারি থেকে জুন সময়ে নতুন ইস্যু হওয়া ক্রেডিট কার্ডের ২৪ শতাংশই ছিল তাদের। প্রথমার্ধ শেষে প্রতিষ্ঠানটির রিটেইল পোর্টফোলিও আড়াই হাজার কোটি টাকা ছাড়িয়েছে, দেশের এনবিএফআইগুলোর মধ্যে যা সর্বোচ্চ। ব্যাংক ও এনবিএফআই মিলিয়ে হিসাব করলে দ্বিতীয় সর্বোচ্চ। অর্থনৈতিক উন্নয়নের বর্তমান পর্যায়ে দেশের উদীয়মান ভোক্তাশ্রেণীর মনোভাব, রিটেইল ফিন্যান্সের সম্ভাবনা ও নিজ ব্যবসায় উচ্চপ্রবৃদ্ধি নিয়ে সম্প্রতি বণিক বার্তার সঙ্গে কথা বলেন প্রতিষ্ঠানটির হেড অব রিটেইল ফিন্যান্স খোরশেদ আলম http://bonikbarta.net

আঞ্চলিক প্রভাব বিস্তারে চীনকে টেক্কা দিতে মরিয়া ভারত

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রশাসন গত মাসে সীমান্তবর্তী একটি রাস্তার সংস্কারকাজে ২৫ কোটি ৬০ ডলার বরাদ্দ দেয়। স্বাভাবিক মনে হলেও ঘটনাটির গভীরতা কম নয়। দেশের উত্তর-পূর্বাঞ্চল সীমান্তের সঙ্গে থাইল্যান্ড ও মিয়ানমারকে যুক্ত করতে ১ হাজার ৩৬০ কিলোমিটারের একটি ত্রিপক্ষীয় মহাসড়ক নির্মাণ করছে ভারত; যার অংশ হিসেবেই এ বরাদ্দ। এ প্রকল্পের মাধ্যমে দক্ষিণ-পূর্ব এশিয়া, বিশেষ করে আসিয়ানের দেশগুলোর সঙ্গে ব্যবসা-বাণিজ্য আরো বৃদ্ধির আশা করছে ভারত। তবে বলা হচ্ছে, এ অঞ্চলে অর্থনৈতিক ও কৌশলগত প্রভাব বিস্তারে ভারত ও চীনের রেষারেষি আরো চরমে উঠবে প্রকল্পটির কারণে। খবর ব্লুমবার্গ।http://bonikbarta.net